



হাবিবুল্লাহ সিরাজী
নৌকাফুর্তি কিংবা চুলকো-চুলকি

আঙুল লেজেই লাগে। সন্ধ্যা টিল দিয়ে কেউ দোতার বাজালে
ঢলাঢলি মরা তেজপাতায়, যেন এক্স যেন এক্স যেন এক্স
কতো সন্ধি লাল গর্তে! এক লহমায় আধফোটা ভাতে
গন্ধ ছোট পূবের গলুই আর পশ্চিমের পালে
আহা রে পড়শির জলকল বেজায় উতারা
বাঁদরের বন পোড়ে, হাছনের নৌকাফুর্তি অতল সায়রে।

বুড়ো বিড়ালের ঘুম নোনাধরা ব্যাংকে জমা পড়লে
এটিএম অচল। চেরাপুঞ্জি ফাঁক পেয়ে কমিনিট কাঁদে।
ভাঙ্গা সেতু আর ঘসা কাঁচ কী আহ্লাদ কম্প্যুটারে
ছাপ মারে এপার-ওপার, ও মাস্টার U-টিউবে কি খেলাও?
টোড়াটি যে পাথর পাহারা দিতে তামাবিল গেছে
এসো এবেলা কাঁচাপাকা মিলে চুলকো-চুলকি করি।